বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি)।

# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)'র সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য মূল্য সমন্বয় আদেশ, ২০২৪।

## (Saudi CP সেপ্টেম্বর ২০২৪ এর ভিত্তিতে)

বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/১১

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ / ০২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ।

# সূচীপত্র


| অনুচ্ছেদ | বিষয়াবলী | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | Saudi CP অনুযায়ী বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে কমিশন কর্তৃক অনুসৃত প্রক্রিয়া ও পদ্ধতি | ১-২ |
| ২ | Saudi CP সেপ্টেম্বর ২০২৪ এর ভিত্তিতে সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় আদেশ | ২-৩ |
| পরিশিষ্ট-'ক' | বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, সেপ্টেম্বর ২০২৪ | ৪-৫ |
| পরিশিষ্ট-'খ' | বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, সেপ্টেম্বর ২০২৪ । | ৬-৭ |
| পরিশিষ্ট-'গ' | রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত মূল্য, সেপ্টেম্বর ২০২৪ । | ৮-৯ |
| পরিশিষ্ট-'ঘ' | ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের সমন্বয়কৃত মূল্য, সেপ্টেম্বর ২০২৪ । | ১০-১১ |


×

বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/১১

# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)'র সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য মূল্য সমন্বয় আদেশ, ২০২৪।

**বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/১১**

**তারিখ: ১৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ / ০২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ।**

**বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক বেসরকারি এলপিজি এবং অটোগ্যাসের ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয় করে ১০ অক্টোবর ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অনুচ্ছেদ ৯.৫ এবং সৌদি আরামকো কর্তৃক ঘোষিত সেপ্টেম্বর ২০২৪ মাসের Saudi Contract Price (Saudi CP) অনুযায়ী বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূল্য সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য সমন্বয়ের বিষয়ে বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে অদ্য ১৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ / ০২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে এ আদেশ প্রদান করা হলো:-**

## ১.০ Saudi CP অনুযায়ী বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে কমিশন কর্তৃক অনুসৃত প্রক্রিয়া ও পদ্ধতি:

১.১ কমিশন কর্তৃক গঠিত সংশ্লিষ্ট কমিটি সৌদি আরামকো কর্তৃক সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য ঘোষিত Saudi CP এর সাথে সামঞ্জস্য রেখে সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে সুপারিশ সংবলিত একটি প্রতিবেদন ০২ সেপ্টেম্বর ২০২৪ তারিখে কমিশনে দাখিল করে। কমিটি'র প্রতিবেদন অনুযায়ী সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬০৫.০০ মার্কিন ডলার ও ৫৯৫.০০ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ হিসেবে গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৯৮.৫০ মার্কিন ডলার। কমিটি উক্ত Saudi CP, জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম, অন্যান্য চার্জ এবং এলপিজি আমদানিতে বিভিন্ন ব্যাংকের LC Settlement-এর ক্ষেত্রে সেপ্টেম্বর ২০২৪ মাসের (যে সকল এলপিজি আমদানিকারি কোম্পানীর সেপ্টেম্বর ২০২৪ মাসে LC Settle হয়নি, সে সকল কোম্পানীর ক্ষেত্রে পূর্ববর্তী মাসের) মার্কিন ডলারের প্রকৃত বিনিময় হারের ভারিত গড়ের ভিত্তিতে প্রতি মার্কিন ডলারের গড় মূল্য ১১৯.৭৬ টাকা বিবেচনা করে সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি এবং অটোগ্যাসের মূল্য নিম্নোক্তভাবে সমন্বয় করার সুপারিশ করে:

(ক) বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত Saudi CP প্রতি কেজি ৭১.৬৮ টাকা।

(খ) বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১১১.০৬ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১১৮.৪৪ টাকা।

(গ) রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১০৭.৩১ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১১৪.৬২ টাকা বা রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ০.২৩৮৪ টাকা বা প্রতি ঘনমিটার ২৩৮.৪০ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ০.২৫৪৭ টাকা বা প্রতি ঘনমিটার ২৫৪.৭০ টাকা।

(ঘ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ৬১.৪৪ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ৬৫.২৬ টাকা।

১.২ কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনটির ওপর বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অনুচ্ছেদ ৯.৫ অনুযায়ী ০২ সেপ্টেম্বর ২০২৪ তারিখ সকাল ১১:৩০ টায় কমিশন কার্যালয়ে কমিটি'র শুনানি

অনুষ্ঠিত হয়। উক্ত শুনানিতে কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন উপস্থাপন, বক্তব্য শ্রবণ এবং প্রাপ্ত দলিলাদি পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়।

**২.০ Saudi CP সেপ্টেম্বর ২০২৪ এর ভিত্তিতে সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় আদেশ:**

সার্বিক বিষয় পরীক্ষা-নিরীক্ষা, পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক কমিশনের আদেশ হচ্ছে যে:-

২.১ সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬০৫.০০ মার্কিন ডলার ও ৫৯৫.০০ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ হিসেবে গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৯৮.৫০ মার্কিন ডলার হিসেবে সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য সমন্বয়কৃত মূল্য-

(ক) বেসরকারি এলপিজি'র Saudi CP প্রতি কেজি ৭১.৬৮ টাকায় সমন্বয় করা হলো।

(খ) বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি কেজি ১১১.০৬ টাকা এবং মূসকসহ মূল্য প্রতি কেজি ১১৮.৪৪ টাকায় সমন্বয় করা হলো।

(গ) রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি কেজি ১০৭.৩১ টাকায় এবং মূসকসহ মূল্য প্রতি কেজি ১১৪.৬২ টাকায় বা রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত মূল্য প্রতি লিটার ০.২৩৮৪ টাকায় বা প্রতি ঘনমিটার ২৩৮.৪০ টাকায় এবং মূসকসহ মূল্য প্রতি লিটার ০.২৫৪৭ টাকায় বা প্রতি ঘনমিটার ২৫৪.৭০ টাকায় সমন্বয় করা হলো।

(ঘ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসক ব্যতীত মূল্য প্রতি লিটার ৬১.৪৪ টাকায় এবং মূসকসহ মূল্য প্রতি লিটার ৬৫.২৬ টাকায় সমন্বয় করা হলো।

(ঙ) বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'ক'**, বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'খ'**, রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'গ'** এবং অটোগ্যাসের সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'ঘ'** এ সংযুক্ত করা হলো।

২.২ ০৩ মার্চ ২০২৪ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/০৩ অনুযায়ী সরকারি এলপিজি'র ডিলার/রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসকসহ মুল্যহার প্রতি ১২.৫০ কেজি ৬৯০.০০ টাকা অপরিবর্তিত রাখা হলো।

২.৩ কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে এলপিজি (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত)/অটোগ্যাস বিক্রয় করা যাবে না।

২.৪ প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

২.৫ এ আদেশ ১৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/ ০২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

২.৬ ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০২.০৯.২৪

**জালাল আহমেদ**
চেয়ারম্যান

বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/১১

**পরিশিষ্ট-'ক'**

## বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, সেপ্টেম্বর-২০২৪ (সেপ্টেম্বর -২০২৪ এর Saudi CP'র ভিত্তিতে)

| ক্রমিক নং | | বিবরণ | সমন্বয়কৃত মূল্য (টাকা/কেজি) |
|---|---|---|---|
| ক | ১ | Saudi Contract Price[১] (Saudi CP) | ৭১.৬৮ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[২] | ১৪.৬১ |
| | ৩ | অন্যান্য চার্জ[৩] | ০.৭৭ |
| | **৪** | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)** | **৮৭.০৬** |
| খ | | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ[৪] | ১৬.০৮ |
| **গ** | | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-পূর্ব (ক৪+খ)** | **১০৩.১৪** |
| ঘ | | মূসক[৫] | ৭.৩৮ |
| **ঙ** | | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর (গ+ঘ)** | **১১০.৫২** |
| চ | | ডিস্ট্রিবিউটরের চার্জ[৬] (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | ৪.১৭ |
| ছ | | রিটেইলার চার্জ[৬] | ৩.৭৫ |
| **জ** | | **রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি'র সমন্বয়কৃত মূল্য [ঙ+চ+ছ]** | **১১৮.৪৪** |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/ ০২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে বোতলজাতকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী উপরের ছকের ক্রমিক-ঙ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

০২.০৯.২৪

**জালাল আহমেদ**
চেয়ারম্যান

---

[১]সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬০৫.০০ মার্কিন ডলার এবং ৫৯৫.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৯৮.৫০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৯.৭৬/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি হিসেবে।

[২]জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ১২১.৯৯ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৯.৭৬/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৩]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মুল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৯.৭৬/- টাকা হিসেবে ৪৬৬.০০ টাকা বিবেচনায়।

[৪]১৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৮ এবং সরকার কর্তৃক ০১ সেপ্টেম্বর ২০২৪ থেকে ডিজেল এর মূল্য প্রতি লিটার ১০৬.৭৫ টাকা থেকে ১০৫.৫০ টাকায় হ্রাস অনুযায়ী, যার যার মধ্যে ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/১০ এ উল্লিখিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় [ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড

(জনবলসহ) বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় (জনবলসহ)], অবচয়, রিটার্ন অন রেট বেজ ও কর্পোরেট ইনকাম ট্যাক্স অন্তর্ভুক্ত।

[৫]এনবিআর এর সাধারণ আদেশ নং ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯; ০৪ মার্চ ২০২১ অনুযায়ী মজুতকরণ এবং বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ে ২%, যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য।

[৬]১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/ ০২ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৯ অনুযায়ী।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/১১

**পরিশিষ্ট-'খ'**

# বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, সেপ্টেম্বর ২০২৪

## (সেপ্টেম্বর-২০২৪ এর Saudi CP'র ভিত্তিতে)

| ক্রমিক নং | বোতলজাতকৃত এলপিজি'র পরিমাণ (কেজি) | সমন্বয়কৃত মূল্য (টাকা) | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Saudi CP[১] | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[২] | অন্যান্য[৩] চার্জ | ইমপোর্ট প্যারিটি প্রাইস | মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ[৪] | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-পূর্ব | মূসক[৫] | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর | ডিস্ট্রিবিউটর চার্জ[৬] (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | রিটেইলার চার্জ[৬] | রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য[৭] |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬=(৩+৪+৫) | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩=(৬+৭+৯+১১+১২) |
| ১ | ৫.৫ | ৩৯৩.৩৮০ | ৮০.৩৫৫ | ৪.২৩৫ | **৪৭৭.৯৭০** | ৮৮.৪৪০ | ৫৬৬.৪১০ | ৪০.৫৯০ | ৬০৭.০০০ | ২৩.০০০ | ২১.০০০ | **৬৫১.০০০** |
| ২ | ১২ | ৮৫৯.৯২০ | ১৭৫.৩২০ | ৯.২৪০ | **১,০৪৪.৪৮০** | ১৯২.৯৬০ | ১,২৩৭.৪৪০ | ৮৮.৫৬০ | ১,৩২৬.০০০ | ৫০.০০০ | ৪৫.০০০ | **১,৪২১.০০০** |
| ৩ | ১২.৫ | ৮৯৬.৫০০ | ১৮২.৬২৫ | ৯.৬২৫ | **১,০৮৮.৭৫০** | ২০১.০০০ | ১,২৮৯.৭৫০ | ৯২.২৫০ | ১,৩৮২.০০০ | ৫২.০০০ | ৪৭.০০০ | **১,৪৮১.০০০** |
| ৪ | ১৫ | ১,০৭৫.৪০০ | ২১৯.১৫০ | ১১.৫৫০ | **১,৩০৬.১০০** | ২৪১.২০০ | ১,৫৪৭.৩০০ | ১১০.৭০০ | ১,৬৫৮.০০০ | ৬৩.০০০ | ৫৬.০০০ | **১,৭৭৭.০০০** |
| ৫ | ১৬ | ১,১৪৬.৫৬০ | ২৩৩.৭৬০ | ১২.৩২০ | **১,৩৯২.৬৪০** | ২৫৭.২৮০ | ১,৬৪৯.৯২০ | ১১৮.০৮০ | ১,৭৬৮.০০০ | ৬৭.০০০ | ৬০.০০০ | **১,৮৯৫.০০০** |
| ৬ | ১৮ | ১,২৮৯.৮৮০ | ২৬২.৯৮০ | ১৩.৮৬০ | **১,৫৬৬.৭২০** | ২৮৯.৪৪০ | ১,৮৫৬.১৬০ | ১৩২.৮৪০ | ১,৯৮৯.০০০ | ৭৫.০০০ | ৬৮.০০০ | **২,১৩২.০০০** |
| ৭ | ২০ | ১,৪৩৪.২০০ | ২৯২.২০০ | ১৫.৪০০ | **১,৭৪১.৮০০** | ৩২১.৬০০ | ২,০৬৩.৪০০ | ১৪৭.৬০০ | ২,২১১.০০০ | ৮৩.০০০ | ৭৫.০০০ | **২,৩৬৯.০০০** |
| ৮ | ২২ | ১,৫৭৬.৫২০ | ৩২১.৪২০ | ১৬.৯৪০ | **১,৯১৪.৮৮০** | ৩৫৩.৭৬০ | ২,২৬৮.৬৪০ | ১৬২.৩৬০ | ২,৪৩১.০০০ | ৯২.০০০ | ৮৩.০০০ | **২,৬০৬.০০০** |
| ৯ | ২৫ | ১,৭৯২.০০০ | ৩৬৫.২৫০ | ১৯.২৫০ | **২,১৭৬.৫০০** | ৪০২.০০০ | ২,৫৭৮.৫০০ | ১৮৪.৫০০ | ২,৭৬৩.০০০ | ১০৪.০০০ | ৯৪.০০০ | **২,৯৬১.০০০** |
| ১০ | ৩০ | ২,১৪৯.৮০০ | ৪৩৮.৩০০ | ২৩.১০০ | **২,৬১১.২০০** | ৪৮২.৪০০ | ৩,০৯৩.৬০০ | ২২১.৪০০ | ৩,৩১৫.০০০ | ১২৫.০০০ | ১১৩.০০০ | **৩,৫৫৩.০০০** |
| ১১ | ৩৩ | ২,৩৬৫.২৮০ | ৪৮২.১৩০ | ২৫.৪১০ | **২,৮৭২.৮২০** | ৫৩০.৬৪০ | ৩,৪০৩.৪৬০ | ২৪৩.৫৪০ | ৩,৬৪৭.০০০ | ১৩৮.০০০ | ১২৪.০০০ | **৩,৯০৯.০০০** |
| ১২ | ৩৫ | ২,৫০৮.৬০০ | ৫১১.৩৫০ | ২৬.৯৫০ | **৩,০৪৬.৯০০** | ৫৬২.৮০০ | ৩,৬০৯.৭০০ | ২৫৮.৩০০ | ৩,৮৬৮.০০০ | ১৪৬.০০০ | ১৩১.০০০ | **৪,১৪৫.০০০** |
| ১৩ | ৪৫ | ৩,২২৫.২০০ | ৬৫৭.৪৫০ | ৩৪.৬৫০ | **৩,৯১৭.৩০০** | ৭২৩.৬০০ | ৪,৬৪০.৯০০ | ৩৩২.১০০ | ৪,৯৭৩.০০০ | ১৮৮.০০০ | ১৬৯.০০০ | **৫,৩৩০.০০০** |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/ ০২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে বোতলজাতকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী উপরের ছকের কলাম-১০ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

**জালাল আহমেদ**
চেয়ারম্যান

[১] সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬০৫.০০ মার্কিন ডলার এবং ৫৯৫.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং

বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৬৯৮.৫০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৯.৭৬/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি হিসেবে।

[২] জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ১২১.৯৯ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৯.৭৬/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৩] ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মুল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৯.৭৬/- টাকা হিসেবে ৪৬৬.০০ টাকা বিবেচনায়।

[৪] ১৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ ২০২২/১৮ এবং সরকার কর্তৃক ০১ সেপ্টেম্বর ২০২৪ থেকে ডিজেল এর মূল্য প্রতি লিটার ১০৬.৭৫ টাকা থেকে ১০৫.৫০ টাকায় হ্রাস অনুযায়ী, যার মধ্যে ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/১০ এ উল্লিখিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় [ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড (জনবলসহ) বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় (জনবলসহ)], অবচয়, রিটার্ন অন রেট বেজ ও কর্পোরেট ইনকাম ট্যাক্স অন্তর্ভুক্ত।

[৫]এনবিআর এর সাধারণ আদেশ নং-০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯; ০৪ মার্চ ২০২১ অনুযায়ী মজুতকরণ এবং বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ের ২% যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য।

[৬]১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/ ০২ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৯ অনুযায়ী।

[৭]অত্র আদেশের পরিশিষ্ট-'ক' মোতাবেক বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি কর্তৃক সরবরাহকৃত এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১১৮.৪৪ টাকা অনুযায়ী।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/১১

**পরিশিষ্ট-'গ'**

# রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, সেপ্টেম্বর-২০২৪

## (সেপ্টেম্বর-২০২৪ এর Saudi CP'র ভিত্তিতে)

| ক্রমিক নং | | বিবরণ | সমন্বয়কৃত মূল্য | | |
|---|---|---|---|---|---|
| | | | (টাকা/কেজি) | টাকা/লিটার[১] (গ্যাসীয় অবস্থায়) | টাকা/ঘনমিটার[১] (গ্যাসীয় অবস্থায়) |
| ক | ১ | Saudi Contract Price[২] (Saudi CP) | ৭১.৬৮ | ০.১৫৯৩ | ১৫৯.৩০ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[৩] | ১৪.৬১ | ০.০৩২৪ | ৩২.৪০ |
| | ৩ | অন্যান্য চার্জ[৪] | ০.৭৭ | ০.০০১৭ | ১.৭০ |
| | **৪** | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)** | **৮৭.০৬** | **০.১৯৩৪** | **১৯৩.৪০** |
| খ | | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ[৫] | ১৬.০৮ | ০.০৩৫৭ | ৩৫.৭০ |
| **গ** | | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-পূর্ব (ক৪+খ)** | **১০৩.১৪** | **০.২২৯১** | **২২৯.১০** |
| ঘ | | মূসক[৬] | ৭.৩১ | ০.০১৬৩ | ১৬.৩০ |
| **ঙ** | | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-উত্তর (গ+ঘ)** | **১১০.৪৫** | **০.২৪৫৪** | **২৪৫.৪০** |
| চ | | ডিস্ট্রিবিউটরের চার্জ[৭] (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | ৪.১৭ | ০.০০৯৩ | ৯.৩০ |
| **ছ** | | **রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি'র সমন্বয়কৃত মূল্য (ঙ+চ)** | **১১৪.৬২** | **০.২৫৪৭** | **২৫৪.৭০** |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/ ০২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী উপরের ছকের ক্রমিক নং-ঙ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

০২.০৯.২৪

**জালাল আহমেদ**
চেয়ারম্যান

[১] প্রোপেন ও বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিজি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি = ১.৮০০২ লিটার এলপিজি এবং ১ লিটার এলপিজি = ২৫০ লিটার গ্যাস হিসেবে ১ কেজি এলপিজি = ৪৫০.০৫ লিটার গ্যাস এবং ১ ঘনমিটার গ্যাস=১,০০০ লিটার গ্যাস বিবেচনায় [০.৪৫ ঘনমিটার গ্যাস = ১ কেজি এলপিজি বা ১ ঘনমিটার গ্যাস = ২.২২২২ কেজি এলপিজি] বিবেচনায়।

[২] সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬০৫.০০ মার্কিন ডলার এবং ৫৯৫.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং

বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৬৯৮.৫০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৯.৭৬/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি হিসেবে।

[৩] জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ১২১.৯৯ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৯.৭৬/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৪] ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মুল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৯.৭৬/- টাকা হিসেবে ৪৬৬.০০ টাকা বিবেচনায়।

[৫] ১৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ ২০২২/১৮ এবং সরকার কর্তৃক ০১ সেপ্টেম্বর ২০২৪ থেকে ডিজেল এর মূল্য প্রতি লিটার ১০৬.৭৫ টাকা থেকে ১০৫.৫০ টাকায় হ্রাস অনুযায়ী, যার মধ্যে ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/১০ এ উল্লিখিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় [ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড (জনবলসহ) বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় (জনবলসহ)], অবচয়, রিটার্ন অন রেট বেজ ও কর্পোরেট ইনকাম ট্যাক্স অন্তর্ভুক্ত।

[৬]এনবিআর এর সাধারণ আদেশ নং ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯; ০৪ মার্চ ২০২১ অনুযায়ী মজুতকরণ এবং বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ের ২% যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য।

[৭]১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/ ০২ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৯ অনুযায়ী।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/১১

**পরিশিষ্ট-'ঘ'**

## ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের সমন্বয়কৃত মূল্য, সেপ্টেম্বর-২০২৪
## (সেপ্টেম্বর-২০২৪ এর Saudi CP'র ভিত্তিতে)

| ক্রমিক নং | | বিবরণ | সমন্বয়কৃত মূল্য (টাকা/লিটার[১]) |
|---|---|---|---|
| ক | ১ | Saudi Contract Price (Saudi CP)[২] | ৩৯.৮২ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[৩] | ৮.১২ |
| | ৩ | অন্যান্য চার্জ[৪] | ০.৪৩ |
| | **৪** | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)** | **৪৮.৩৭** |
| খ | | এলপিজি মজুতকরণ চার্জ[৫] | ৩.৩৪ |
| **গ** | | **এলপিজি মজুতকরণ পরবর্তী মূল্য, মূসক-পূর্ব (ক৪+খ)** | **৫১.৭১** |
| ঘ | | মূসক[৬] | ৩.৮২ |
| **ঙ** | | **এলপিজি মজুতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর (গ+ঘ)** | **৫৫.৫৩** |
| চ | | পরিবহণ চার্জ[৭] | ১.৭৩ |
| ছ | | স্টেশন চার্জ[৫] | ৮.০০ |
| **জ** | | **ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্যহার (প্রতি লিটার) (ঙ+চ+ছ)** | **৬৫.২৬** |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/ ০২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ, অটোগ্যাস স্টেশনের নিকট এবং ভোক্তাপর্যায়ে অটোগ্যাস স্টেশনে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে অটোগ্যাস বিক্রয় করা যাবে না।

০২.০৯.২৪

**জালাল আহমেদ**
চেয়ারম্যান

---

[১]প্রোপেন ও বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিজি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি = ১.৮০০২ লিটার এলপিজি।

[২] সেপ্টেম্বর ২০২৪ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬০৫.০০ মার্কিন ডলার এবং ৫৯৫.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৬৯৮.৫০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৯.৭৬/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি হিসেবে।

[৩] জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ১২১.৯৯ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৯.৭৬/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৪] ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মূল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১১৯.৭৬/- টাকা হিসেবে ৪৬৬.০০ টাকা বিবেচনায়।

[৫]২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ অনুযায়ী।

[৬]এনবিআর এর সাধারণ আদেশ নং ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯; ০৪ মার্চ ২০২১ অনুযায়ী মজুতকরণ এবং বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ের ২% যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য।

[৭] সরকার কর্তৃক ঘোষিত ০১ সেপ্টেম্বর ২০২৪ তারিখ থেকে ডিজেল এর মূল্য প্রতি লিটার ১০৬.৭৫ টাকা থেকে ১০৫.৫০ টাকায় হ্রাস বিবেচনায়।